SOUTHAMPTON OXFORD NEONATAL TRANSPORT

**ফোন: 01865 223344**

SONeT টেমস ভ্যালি এবং ওয়েসেক্স জুড়ে নিবেদিত নবজাতক স্থানান্তর পরিষেবা, দুটি কেন্দ্র থেকে পরিচালিত; অক্সফোর্ড ও সাউদাম্পটন। এই অঞ্চলের নবজাতক নিবিড় পরিচর্যা ইউনিট (NICU);

John Radcliffe Hospital, Oxford
Level 2, Newborn Care Unit
Women Centre
Headley Way
OX3 9DU
**কার পার্ক:** 2a অথবা 2
**টেলিফোন:** 01865 223201

Princess Anne Hospital, Southampton
D level, Neonatal Intensive Care Unit
Coxford Road
SO16 5YA
**কার পার্ক:** Yellow car park
**টেলিফোন:** 02381 208164

Queen Alexandra Hospital, Portsmouth
B6, Neonatal Intensive Care Unit
Southwick Road,
P03 6LY
**কার পার:** মেন এন্ট্রান্স কার পার্ক
**টেলিফোন:** 02392 283231

SONeT পরিষেবা সম্পর্কে আপনার কোনও মন্তব্য থাকলে কোনো কর্মীর সাথে কথা বলুন, ঐ দল আপনাকে যে মতামতের ফর্মটি দেবে তা ব্যবহার করুন বা আমাদের এখানে ইমেল করুন; Oxford Hub; sonettransport@ouh.nhs.uk বা Southampton Hub; sonet@uhs.nhs.uk

SONeT v1.2 March 2025, Review Sep 2029

## থেম্‌স ভ্যালি এবং ওয়েসেক্স নবজাতক নেটওয়ার্ক




**আমাদের নেটওয়ার্কের হাসপাতালগুলি (NICU মোটা হরফে রয়েছে)**

1) Milton Keynes University Hospital, Milton Keynes
☎: 01908 995591
2) **Oxford University Hospital, Oxford**
☎: 01865 223201
3) Stoke Mandeville Hospital, Aylesbury
☎: 01296 316115
4) Wexham Park Hospital, Slough
☎: 0300 6154533
5) Royal Berkshire Hospital, Reading
☎: 0118 3227430
6) Basingstoke and North Hampshire Hospital
☎ 01256 313686
7) **Queen Alexandra Hospital, Portsmouth**
☎ 02392 283231
8) **Princess Anne Hospital, Southampton**
☎ 02381 208164
9) Dorset County Hospital, Dorchester
☎01305251150
10) Royal Bournemouth Hospital, Bournemouth
☎03000 192330
11) St Richard's Hospital, Chichester
☎01243788122
12) St Mary's Hospital, Newport, Isle of Wight
☎ 01983 534337
13) Salisbury NHS Foundation Trust, Salisbury
☎ 01722425180
14) Royal Hampshire County Hospital, Winchester
☎ 01256313686

Bengali

SOUTHAMPTON OXFORD NEONATAL TRANSPORT

# সাউদ্যাম্পটন অক্সফোর্ড নিওনাতাল ট্রান্সপোর্ট

(**S**outhampton **O**xford **Ne**onatal **T**ransport - SONeT)



## পিতামাতা এবং শুশ্রূষাকারী তথ্য লিফলেট

এই লিফলেট আপনার বাচ্চাকে কেন অন্য হাসপাতালে স্থানান্তরিত করা হচ্ছে তা বুঝতে আপনাকে সাহায্য করবে। এটি আপনাকে সাউদাম্পটন অক্সফোর্ড নবজাতক জরুরি পরিবহন অর্থাৎ নিউবর্ন ইমার্জেন্সি ট্রান্সপোর্ট (Southampton Oxford Newborn Emergency Transport - SONeT) পরিষেবা সম্পর্কেও তথ্য দেয়।

আপনার বাচ্চার নাম:_______________________
জন্মতারিখ:________ জন্মের সময়ের ওজন:______
আপনার বাচ্চাকে এখানে স্থানান্তরিত করা হচ্ছে:
______________________________
টেলিফোন: ________________
স্থানান্তরণ দল:____________ হাব
নার্স:______________________________
ডাক্তার/ANNP:_________________________
অ্যাম্বুলেন্স চালক:_________________________

আমরা বুঝি যে এটি আপনার জন্য অত্যন্ত চাপের সময় এবং আমরা যে কোনও উপায়ে আপনাকে সহায়তা করার চেষ্টা করব।

## আমার বাচ্চাকে কেন স্থানান্তর করা হচ্ছে?

আপনার বাচ্চাকে বিশেষজ্ঞ শুশ্রূষা দেওয়ার জন্য (যা যেখানে আপনার বাচ্চার শুশ্রূষা হচ্ছে সেখানে সম্ভব নয়) অথবা আপনার বাচ্চার সাথে আপনাকে বাড়ির কাছাকাছি কোথাও নিয়ে যাওয়ার জন্য (প্রত্যাবাসন অন্য হাসপাতালে স্থানান্তরিত করা হচ্ছে)।

বাচ্চাদের অন্য হাসপাতালে স্থানান্তরিত করার অনেকগুলি কারণ রয়েছে, আপনার বাচ্চার সুশ্রুষারত দল এবং SONeT টিম আপনার বাচ্চাকে স্থানান্তরিত করার আগে কারণগুলি বিস্তারিতভাবে ব্যাখ্যা করবে।

## স্থানান্তরিত করার সময় আমার বাচ্চার কীভাবে যত্ন নেওয়া হবে?

আপনার হাসপাতালের ডাক্তাররা SONeT পরিবহন দলের সাথে যোগাযোগ করবেন যারা বিশেষ অ্যাম্বুলেন্সে হাসপাতালে নিয়ে যাবে। পরিবহন দলে একজন অ্যাম্বুলেন্স চালক, একজন নার্স এবং একজন ডাক্তার বা অ্যাডভান্সড নিওনাতাল প্র্যাক্টিশনার (Advanced Neonatal Nurse Practitioner - ANNP) রয়েছে যারা পরিবহন করা হচ্ছে এমন অসুস্থ বাচ্চাদের যত্ন নেওয়ার জন্য বিশেষভাবে প্রশিক্ষিত। দলটি আপনার বাচ্চার পর্যালোচনা করবে এবং নিশ্চিত করবে যে সে স্থিতিশীল ও স্থানান্তরের জন্য প্রস্তুত, এর মধ্যে কিছু ওষুধ শুরু করা, নল ঢোকানো এবং আপনার বাচ্চাকে তাদের নিঃশ্বাসের বিষয়ে সহায়তা করা জড়িত থাকতে পারে।

## পরিবহন সরঞ্জামের ব্যাখ্যা

SONeT-এ বাচ্চাদের পরিবহনের জন্য প্রয়োজনীয় সমস্ত সরঞ্জাম থাকে। সরঞ্জামটিতে আছে;

- ইনকিউবেটর- আপনার বাচ্চার চারপাশে পার্সপেক্স ঘেরা থাকবে, যা তাকে উষ্ণ এবং আরামদায়ক রাখবে।
- ভেন্টিলেটর- শ্বাসকষ্ট বাচ্চাদের স্থানান্তরিত করার সাধারণ কারণগুলির মধ্যে একটি। ভেন্টিলেটর আপনার বাচ্চার নিঃশ্বাস স্থিতিশীল করতে সাহায্য করবে।
- মনিটর্স – ট্রান্সফারের সময় আমরা ক্রমাগত আপনার শিশুর অবস্থা পর্যবেক্ষণ করি। আমরা হৃৎস্পন্দন, নিঃশ্বাসের হার, তাপমাত্রা এবং রক্তচাপ পরিমাপ করি।
- ওষুধের জন্য সিরিঞ্জ - কিছু বাচ্চার বিশেষ ওষুধ বা শিরায় তরল দেওয়ার দরকার হয়, SONeT টিম প্রয়োজনে এগুলি দিতে পারে। আমরা আপনার নিজের বুকের দুধও স্থানান্তর করতে পারি।

## আপনার বাচ্চা খুব নিরাপদ মানুষের হাতেই আছে



যখন SONeT টিম যাওয়ার জন্য প্রস্তুত হলেই, আপনি আপনার বাচ্চার সাথে দেখা করতে পারবেন। দলের সদস্যরা আপনার বাচ্চা কী চিকিৎসা পাচ্ছে তা ব্যাখ্যা করবেন এবং আপনার যে কোনও প্রশ্নের উত্তর দেবেন।

অনুগ্রহ করে আপনার বাচ্চাকে স্পর্শ বা চুম্বন করতে ভয় পাবেন না।

## স্থানান্তরের সময় আপনার বাচ্চার সাথে থাকা

স্থানান্তরের সময় আপনার অথবা আপনার সঙ্গীর পক্ষে বাচ্চার সাথে যাওয়া সম্ভব কিনা তা SONeT দল আপনাকে বলে দেবে।

এটি আপনার চিকিৎসার অবস্থা, আপনার বাচ্চার অবস্থা, স্থান এবং সুরক্ষার বিষয়গুলির উপর নির্ভর করে। যদি আপনার পক্ষে যাওয়া সম্ভব হয় তবে সঙ্গে একটি ছোট হ্যান্ড লাগেজ নিতে পারেন।

এমন হতে পারে যে আপনার বাচ্চাকে যে হাসপাতালে স্থানান্তরিত করা হচ্ছে সেখানে আপনার যাওয়ার ব্যবস্থা আপনাকেই করতে হবে। SONeTটিম আপনাকে হাসপাতালের তথ্য দেবে ও আপনার যোগাযোগের বিবরণ নেবে। আপনি যেন **অ্যাম্বুলেন্স অনুসরণ করার চেষ্টা করবেন না** কারণ তা বিপজ্জনক হতে পারে।

আপনি যদি তখনও যে হাসপাতালে আপনার বাচ্চার জন্ম হয়েছিল সেখানকার রোগী হন, তবে আপনার প্রসবোত্তর যত্ন বাচ্চার সেই নতুন হাসপাতালে স্থানান্তরিত করা সম্ভব হতে পারে। স্থানান্তরের সময় আপনার সেই সময়ের অবস্থার উপর নির্ভর করবে এবং স্থানান্তরের ব্যবস্থা আপনার স্থানীয় হাসপাতাল করবে।

SONeT টিম যখন আপনার বাচ্চাকে নিয়ে নতুন হাসপাতালে পৌঁছবে তখন আপনাকে ফোন করে তা জানানো হবে (যদি আপনি বাচ্চার সাথে না থাকেন)। সমস্ত হাসপাতাল পিতামাতাকে তাদের বাচ্চাদের সম্পর্কে ফোন করতে এবং জিজ্ঞাসা করতে উৎসাহিত করে। যদি আপনার বাচ্চার সাথে থাকতে না পারেন তবে আমরা আপনার বাচ্চা গ্রহণকারী হাসপাতালে পৌঁছানোর 1-2 ঘণ্টা পরে ফোন করার পরামর্শ দিই। এর ফলে ঐ টিম আপনার বাচ্চাকে সামলাতে এবং আপনাকে সম্পূর্ণ আপডেট দিতে পারবে।

## বাচ্চাকে বাড়ির কাছাকাছি নিয়ে যাওয়া (প্রত্যাবাসন)

যখন আপনার বাচ্চার আর নিবিড় পরিচর্যার প্রয়োজন হয় না, তখন SONeT পরিবহন পরিষেবা বাচ্চাকে আপনার বাড়ির নিকটবর্তী হাসপাতালে স্থানান্তর করবে। আপনার স্থানীয় হাসপাতাল আপনাকে এবং আপনার বাচ্চাকে ততক্ষণ সহায়তা করবে যতক্ষণ না আপনার বাচ্চাকে হাসপাতাল থেকে বাড়ি যাওয়ার জন্য ছাড়া হয়।

এটি আপনার সঙ্গে ও আপনার স্থানীয় ডাক্তার এবং হাসপাতালের সাথেও আলোচনা করা হবে। এই প্রত্যাবাসন সম্পর্কে আরও বিস্তারিতভাবে ব্যাখ্যা করে এমন একটি ভিডিওর জন্য অনুগ্রহ করে এই QR কোড অনুসরণ করুন।